রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ /৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৬.০০১.২৪.৪৬।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "রং ও কেমিক্যাল কারখানা" শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরি হার হিসাবে ঘোষণা করিল, যথা:—

**তফসিল "ক"**

**শ্রমিকদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | ঝুঁকি ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | গ্রেড-১:<br>১। ফোরম্যান<br>২। সিনিয়র সুপারভাইজার | ১২,৩০০/- | ৬,১৫০/- | ১,৫০০/- | ১,০০০ | ১,০০০/- | ২১,৯৫০/- |



মূল্য : টাকা ৮.০০

| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। সিনিয়র মেশিনম্যান<br>২। সিনিয়র বয়লারম্যান<br>৩। সিনিয়র ফিটারম্যান<br>৪। সিনিয়র স্কেলম্যান<br>৫। সিনিয়র প্যাকিংম্যান<br>৬। সুপারভাইজার | ১০,৩০০/- | ৫,১৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৮,৯৫০/- |
| ৩। | <u>গ্রেড-৩:</u><br>১। মেশিনম্যান/মেশিন অপারেটর<br>২। বয়লারম্যান<br>৩। ফিটারম্যান<br>৪। স্কেলম্যান<br>৫। প্যাকিংম্যান<br>৬। ইটিপি অপারেটর<br>৭। ড্রাইভার (হেভি লাইসেন্সপ্রাপ্ত) | ৮,৩০০/- | ৪,১৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৫,৯৫০/- |
| ৪। | <u>গ্রেড-৪:</u><br>১। সহকারী মেশিনম্যান/সহকারী মেশিন অপারেটর<br>২। সহকারী বয়লারম্যান<br>৩। সহকারী ফিটারম্যান<br>৪। সহকারী স্কেলম্যান<br>৫। সহকারী প্যাকিংম্যান | ৭,৮০০/- | ৩,৯০০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৫,২০০/- |
| ৫। | <u>গ্রেড-৫:</u><br>১। হেলপার/ সহকারী<br>২। প্রোডাকশন স্টাফ | ৭,৫০০/- | ৩,৭৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১,০০০/- | ১৪,৭৫০/- |
| ৬। | **শিক্ষানবিশ শ্রমিক:** | (ক) শিক্ষানবিশকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশকাল আরো ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে, যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =১০,০০০/-টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | | |

**তফসিল "খ"**

**কর্মচারীদের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি-বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | গ্রেড-১:<br>১। স্টোর কিপার<br>২। সার্ভেয়ার | ১৩,১০০/- | ৬,৫৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ২২,১৫০/- |
| ২। | গ্রেড-২:<br>১। সহকারী এডমিন<br>২। সহকারী স্টোরকিপার<br>৩। ওয়্যারহাউজ অ্যাসিসট্যান্ট<br>৪। ইলেকট্রিশিয়ান | ১১,১০০/- | ৫,৫৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১৯,১৫০/- |
| ৩। | গ্রেড-৩:<br>১। অফিস সহকারী<br>২। ল্যাব সহকারী<br>৩। কিউ. সি. (Q. C.) সহকারী | ৯,১০০/- | ৪,৫৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১৬,১৫০/- |
| ৪। | গ্রেড-৪:<br>১। ড্রাইভার (লাইট লাইসেন্সপ্রাপ্ত)<br>২। পিয়ন<br>৩। কুক/বাবুর্চি | ৮,১০০/- | ৪,০৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১৪,৬৫০/- |
| ৫। | গ্রেড-৫:<br>১। মালি<br>২। সুইপার<br>৩। দারোয়ান | ৭,৫০০/- | ৩,৭৫০/- | ১,৫০০/- | ১,০০০/- | ১৩,৭৫০/- |
| ৬। | শিক্ষানবিশ কর্মচারী: | (ক) শিক্ষানবিশকাল ০৬ (ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিশকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =১০,০০০/- টাকা মজুরি প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## শর্তাবলি

১। এই তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "রং ও কেমিক্যাল কারখানা" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন, সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল “ক” ও তফসিল “খ” এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না। এছাড়া উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)” অনুযায়ী ‘‘শ্রমিক’’ বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে, সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার, নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১” এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) অথবা দৈনিক ভিত্তিক (Time rate/Daily Basis) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা, কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা, “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬” এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। তফসিলে উল্লিখিত “নিম্নতম মজুরি” সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/কর্মচারীগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৭৮৭৫/- (সাত হাজার আটশত পঁচাত্তর) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৮২৬৮.৭৫ (আট হাজার দুইশত আটষট্টি টাকা পঁচাত্তর পয়সা) টাকা হইবে।

১২। মজুরি প্রদানের ক্ষেত্রে নারী, পুরুষ, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শ্রমিক/কর্মচারীগণ এর মধ্যে কোনো প্রকার বৈষম্য করা যাইবে না।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৪। উক্ত শিল্প সেক্টরে প্রত্যক্ষভাবে কর্মরত শ্রমিকগণ ঝুঁকিভাতা প্রাপ্য হইবেন।

১৫। উক্ত সেক্টরের মালিকগণ যদি শ্রমিক-কর্মচারীগণের সাথে ঐকমত্যের ভিত্তিতে আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, সেইক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারীর (শুধু শ্রমিক/কর্মচারী) জন্য বাড়ী ভাড়া ভাতা, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ঐকমত্যের ভিত্তিতে উপযুক্ত পরিমাণে নির্ধারিত হইবে।

১৬। এই প্রজ্ঞাপনের কোনো অংশ বাংলাদেশে প্রচলিত “বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫” এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার ইয়াসমিন**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd